

এমপিওভুক্ত শিক্ষকদের অর্ধদিবস কর্মবিরতি পালনের ঘোষণা

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ০১:৩৮, ১৬ ফেব্রুয়ারি ২০২৫



প্রাথমিকের ৩য় ধাপের চূড়ান্ত সুপারিশপ্রাপ্ত ৬৫৩১ জন

বেসরকারি এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণের দাবিতে টানা চতুর্থ দিন অবস্থান কর্মসূচি পালন করেছেন শিক্ষক-কর্মচারীরা। শনিবার সকাল ১০টা থেকে জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান নেন তারা। তবে সরকার থেকে এখন পর্যন্ত দাবি না মেনে নেওয়ায় আজ রবিবার থেকে অর্ধদিবস কর্মবিরতি পালন করবেন শিক্ষক-কর্মচারীরা।

এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাহী জোটের সদস্যসচিব অধ্যক্ষ দেলাওয়ার হোসেন আজিজী জানান, সরকারের পক্ষ থেকে দাবি মেনে নেওয়ার সুস্পষ্ট ঘোষণা ছাড়া তারা প্রেস ক্লাব ছেড়ে যাবেন না। শীঘ্রই দাবি মেনে নিয়ে ক্লাসে ফেরার ব্যবস্থা করা হোক। অন্যথায় রবিবার থেকে কর্মবিরতির মতো কর্মসূচিতে যেতে বাধ্য হবেন তারা।

সংগঠনের যুগ্ম-সদস্য সচিব আবুল বাশার বলেন, আশাকরি সরকার আমাদের যৌক্তিক দাবি মেনে নেবে। অন্যথায় কর্মবিরতিসহ আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে। আজকের অবস্থান কর্মসূচি থেকে সিনিয়র নেতারা পরবর্তী অর্ধদিবসের কর্মবিরতি ঘোষণা দিয়েছেন।

কর্মসূচি চলাকালে অন্যদের মধ্যে বক্তব্য দেন জোটের যুগ্ম-আহ্বায়ক প্রকৌশলী আবুল বাশার, শাহ আলম, মো. জহিরুল ইসলাম, মো. আবদুল হাই সিদ্দিকী, মো. রবিউল ইসলাম, মো. তোফায়েল সরকার, অধ্যক্ষ আলাউদ্দীন, জাহাঙ্গীর হোসেন, অধ্যক্ষ হাবিবুর রহমান, অধ্যক্ষ আবু সায়েম মোল্লা, উপাধ্যক্ষ নুরুল আলম খান, অধ্যক্ষ রুহুল আমিন প্রমুখ।

প্রসঙ্গত, গত ১২ ফেব্রুয়ারি থেকে এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাহী জোট ঘোষিত এ কর্মসূচিতে সারাদেশ থেকে কয়েকশ শিক্ষক ঢাকায় এসে দিনভর জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি করছেন। ক্রমে তাদের আন্দোলনে শিক্ষক-কর্মচারীদের অংশগ্রহণ বাড়ছে।